APR. 04 2001

# শিক্ষামন্ত্রীর বক্তব্যে শিক্ষক কর্মচারী ঐক্যজোট নেতৃবৃন্দের ক্ষোভ

শিক্ষক-কর্মচারী ঐক্যজোট নেতৃবৃন্দ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ সম্পর্কে সংসদে শিক্ষামন্ত্রীর বক্তব্যের নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছেন।

শিক্ষামন্ত্রী : পৃষ্ঠা : ২ কলাম : ৮

## শিক্ষামন্ত্রী : ক্ষোভ

(শেষ পৃষ্ঠার পর)

ঐক্যজোট নেতৃবৃন্দ বলেছেন, এই বক্তব্যে শিক্ষক নিয়োগ সম্পর্কে শিক্ষামন্ত্রীর অজ্ঞতা প্রকাশ পেয়েছে। জোটের সমন্বয়কারী সেলিম ভূঁইয়া স্বাক্ষরিত এক বিবৃতিতে সংসদে হাজী সেলিমের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রীর বক্তব্যকে মিথ্যা উল্লেখ করে এর প্রতিবাদ করেন সংগঠনের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম, দুই আহ্বায়ক শেখ আমানুল্লাহ ও মাওলানা এমএ লতিফ, দুই যুগ্ম-আহ্বায়ক অধ্যক্ষ মাজহারুল হান্নান ও শফিকুল আলম, জোট নেতা অধ্যক্ষ ইসহাক হোসেন, মোহাম্মদ আলী, মাহবুবুর রহমান মোল্লা, বজলুর রহমান, লুৎফর রহমান, দীন মোহাম্মদ, অজিত কুমার সরকার, মোল্লা নজরুল ইসলাম, সরকার পরিতোষ, মিসেস মনোয়ারা খাতুন, শাহাদাৎ হোসেন, অধ্যাপিকা মাকসুদা রেজা ও অধ্যাপক ছিদ্দিকুর রহমান। এতে বলা হয়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ সরকারি বিধি মোতাবেক হয়। জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রকাশ করে সরকারি প্রতিনিধিসহ নির্বাচনী বোর্ড গঠন করে প্রতিযোগিতার মাধ্যমেই শিক্ষক নিয়োগ করা হয়ে থাকে। তারা বলেন, ৫ পয়েন্ট পেয়ে যদি সরকারি চাকরিসহ বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করা যায় তাহলে শিক্ষকতা পেশায় আসা যাবে না কেন।